




সিটি অব ডেট্রয়েট COVID-19 সংক্রান্ত নির্দেশনা  
আপনার চুলকাটার দোকান, নখ ও চুল পরিচর্যার সেলুন, বডি আর্ট  
পার্লার, অথবা ম্যাসেজ লাউঞ্জ পুনরায় খোলার জন্য ৪টি ধাপ

## COVID-19 এর জন্য প্রস্তুতি এবং করণীয় সম্পর্কে একটি পরিকল্পনা তৈরি করুন যাতে থাকবে:

- কর্মচারীদের পরীক্ষা করানোর পদ্ধতি
- কর্মচারীদের স্বাস্থ্য পরীক্ষা ও পর্যবেক্ষণ পদ্ধতি
- কাজের স্থানে আচরণের পদ্ধতি
- ব্যক্তিগত সুরক্ষা উপকরণ ব্যবহার পদ্ধতি
- কর্মস্থল এবং যানবাহন পরিষ্কারের পদ্ধতি
- ডেট্রয়েট শহরের সেলুন এবং নাপিত কর্মচারীদের জন্য সিটি অব ডেট্রয়েট বিনামূল্যে দ্রুত COVID-19 পরীক্ষা করানোর সুযোগ দিচ্ছে। কর্মচারীদের অবশ্যই সকাল ৪টা থেকে রাত ৪টার মধ্যে 313-251-4488 নম্বরে ফোন করে একটি অ্যাপয়েন্টমেন্ট করতে হবে (সোমবার থেকে শুক্রবার)। পরীক্ষার কেন্দ্র সকাল 11টা থেকে বিকেল 6টা পর্যন্ত খোলা থাকে (শুক্রবার ও শনিবার), সকাল ৪টা থেকে বিকেল 4টা (রবিবার)। যাদেরকে পরীক্ষা করা হবে তারা বিনামূল্যে একটি পিপিই কিটও পেতে পারেন।



## নিম্নোক্ত বিষয়ে কর্মচারীদেরকে COVID-19 প্রশিক্ষণ দিন:

- কর্মক্ষেত্রে সংক্রমণ-রোধ করার অনুশীলন এবং পরিষ্কার রাখার পদ্ধতি।
- ব্যক্তিগত সুরক্ষা উপকরণের যথাযথ ব্যবহার
- কর্মচারীদের কারো COVID-19 এর কোন লক্ষণ দেখা দিলে অথবা কোভিড-19 নিশ্চিত হলে অবশ্যই তাদের ব্যবসা প্রতিষ্ঠানে জানানোর পদক্ষেপ নিতে হবে
- অনিরাপদ কাজের পরিস্থিতি কীভাবে রিপোর্ট করতে হবে
- লক্ষণযুক্ত গ্রাহকদের প্রবেশ কীভাবে নিয়ন্ত্রণ করতে হবে



গ্রাহকের মাস্ক সরিয়ে গ্রহণ করতে হয় এমন  
সব সেবা প্রদানের সময় কর্মচারীদেরকে  
সার্বক্ষণিক মাস্ক ও চোখের সুরক্ষা সামগ্রী  
পরিধান করতে হবে, যেমন ফেস শিল্ড বা  
গগলস্।





কেবল গ্রাহক এবং তাদের পরিচর্যাকারী অথবা অপ্ৰাপ্তবয়স্ক  
নির্ভরশীলদেরকে প্রবেশের অনুমতি দিন এবং উপস্থিত যারা একে  
অন্যের থেকে ছয় ফুট দূরত্ব বজায় রাখতে পারবেন কেবল  
তাদেরকেই অপেক্ষা করার স্থানে অবস্থান করতে দিন।



ব্যবহারে থাকা ওয়ার্কস্টেশনগুলিকে  
অন্তত ছয় ফুট দূরে-দূরে স্থাপন করে  
গ্রাহক ও কর্মচারীদের মধ্যে ছয় ফুট  
শারীরিক দূরত্ব বজায় রাখুন;  
ওয়ার্কস্টেশনগুলিকে ভৌত প্রতিবন্ধক,  
যেমন প্লেক্সিগ্লাস বা স্ট্রিপ কার্টেন দ্বারা  
আলাদা করে রাখুন; এবং অপেক্ষা করার  
স্থানগুলোতে মেঝের উপর "X" চিহ্ন  
দিয়ে চিহ্নিত করুন।



অ্যাপয়েন্টমেন্ট এবং ওয়াক-ইন সমূহের  
নির্ভুল রেকর্ড সংরক্ষণ করুন এবং কোন  
নিশ্চিত COVID-19 রোগী সনাক্ত হলে  
স্বাস্থ্য বিভাগকে সহায়তা করুন



গ্রাহকদের মুখের  
মাস্ক পরা  
আবশ্যিক এবং  
গ্রাহকরা অসুস্থ  
থাকলে প্রবেশ  
করতে দেওয়া হবে  
না এ মর্মে  
নির্দেশনা ফলক  
লাগাতে হবে



সকল স্ব-পরিবেশিত  
হালকা খাবারের ব্যবস্থা  
বন্ধ রাখুন এবং অপেক্ষা  
করার স্থানে ম্যাগাজিনের  
মতো অন্যের সাথে  
ভাগাভাগি করে  
ব্যবহারের সামগ্রী সরিয়ে  
ফেলুন।

